

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে 'GENERATING AUDIENCE: FILM FESTIVALS AND PUBLIC SCREENING AT COLLEGES AND UNIVERSITY' শীর্ষক সেমিনার



২৪ জানুয়ারি, ২০১৯-বৃহস্পতিবার বেলা ২ ঘটিকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ এর আয়োজনে 'Generating Audience: Film Festivals and Public screening at Colleges and University' শীর্ষক সেমিনার একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ এর মেন্টর এবং ফিল্ম এন্ড টেলিভিশনএর চেয়ারম্যান অধ্যাপক জুনায়েদ আহমদ হালিম। এসময় অংশগ্রহনকারী চলচ্চিত্রসমূহের পরিচালকবৃন্দ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য দেশীয় চলচ্চিত্রের প্রচার ও প্রসারের লক্ষ্যে গত ২২ জানুয়ারি, ২০১৯ থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ 'আমাদের সিনেমা' শীর্ষক চলচ্চিত্র উৎসব শুরু করে যা ৩ দিন ব্যাপী চলে আজ সমাপনী হয়েছে। অংশগ্রহনকারী চলচ্চিত্রসমূহের নাম সমূহ- মিঃ বাংলাদেশ, স্বপ্নজাল, পোড়ামন ২, পাঠশালা, মাটির প্রজার দেশে, দহন, কমলা রকেট এবং দেবী।